জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

-বিজ্ঞপ্তি-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা মহামারীর (কোভিড-১৯) এর উদ্ভূত পরিস্থিতির কারনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনলাইন (Online) শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের মধ্যে সুদবিহীন ঋণের আওতায় Android/Smartphone ক্রয়ের জন্য স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়ণরত শিক্ষার্থীদের Softloan (সর্বোচ্চ ৮০০০/- টাকা) প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আগ্রহী শিক্ষার্থীদের ০৩/০১/২০২১ হতে ১০/০১/২০২১ তারিখেরে মধ্যে নিম্নলিখিত লিংক (Link) এবং পদ্ধতি অনুসরণ করে উক্ত ঋণের জন্য আবেদন করতে হবে।

শিক্ষার্থীদের Softloan এর জন্য আবেদন করার নিয়মাবলী ঃ

১. প্রথমে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.juniv.edu) প্রবেশ করে "সুদবিহীন ঋণের আওতায় Smartphone ক্রয়ের জন্য শিক্ষার্থীদের Softloan এর আবেদন" -এ ক্লিক (Click) করতে হবে।
২. শিক্ষার্থীর নিজস্ব একটি Valid Google Account (E-mail Address) অর্থাৎ Gmail Account এর মাধ্যমে আবেদন করতে হবে (কোন শিক্ষার্থীর Gmail Account না থাকলে Account create করে আবেদন করতে হবে)।
৩. শিক্ষার্থীদের নিজের নামে অগ্রণী ব্যাংকে হিসাব নম্বর (Account) থাকতে হবে।
৪. শিক্ষার্থীর আবেদনের জন্য অন্যান্য তথ্যের সাথে জাতীয় পরিচয়পত্রের নম্বর এবং রেজিস্ট্রেশন নম্বর প্রয়োজন হবে।
৫. শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের (৬০০×৬০০ পিক্সেল) ছবি (Photo) স্ক্যান করে আপলোড করতে হবে।
৬. সম্পূর্ণ ফরমটি পূরণ শেষে সাবমিট (Submit) বাটনে ক্লিক (Click) করে আবেদন প্রক্রিয়াটি সম্পন্ন করতে হবে।

পরবর্তীতে Softloan অনুমোদিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ১০/০২/২০২১ তারিখেরে মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.juniv.edu) প্রদত্ত নির্ধারিত Google Form এর লিংক (Link) ব্যবহার করে Android Device/Smartphone ক্রয়ের ভাউচারটি স্ক্যান (Scan) করে আপলোড করতে হবে।

বি: দ্র: আবেদনের সময় শিক্ষার্থীকে অবশ্যই ফরমে উল্লিখিত শর্তাবলী মনোযোগের সাথে পড়ে নিতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ মাহফুজ মিয়া)
সদস্য সচিব
Softloan অনুমোদন কমিটি।